

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো-২য় পর্যায়
পল্লী ভবন (৬ষ্ঠ তলা), ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০৬.০০৭.২১. ৭৬৩

তারিখ: ১১ জুন ২০২৩

বিষয়: হাই স্কুলগামী কিশোরী সুফলভোগী সদস্যদের সঞ্চয়ের লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের ব্যবস্থা গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (ইরেসপো)-২য় পর্যায় প্রকল্পের আওতায় হাই স্কুলগামী কিশোরী সুফলভোগী সদস্যদের জমাকৃত সঞ্চয়ের বিপরীতে দ্বিগুন পরিপূর্ণ সঞ্চয় প্রণোদনা প্রদানের সংস্থান রয়েছে। সে আলোকে ২০২২-২৩ অর্থবছরে প্রতি সদস্যের ২৪০০.০০ টাকা সঞ্চয় জমার বিপরীতে সরকার হতে দ্বিগুন হারে ৪৮০০.০০ টাকা সঞ্চয় প্রণোদনার অর্থ ছাড় হয়েছে। সঞ্চয় প্রণোদনার অর্থ প্রদানের ক্ষেত্রে সদস্য প্রতি বছরে ২৪০০.০০ টাকা হারে সঞ্চয় আদায় বাধ্যতামূলক। তাই চলতি অর্থবছরে সদস্য প্রতি ২৪০০.০০ টাকা হারে সঞ্চয় আদায়ে কার্যকর ব্যবস্থা গ্রহণ অত্যাৱশ্যক।

এমতাবস্থায়, ২০২২-২৩ অর্থবছরে হাই স্কুলগামী কিশোরী সদস্যদের জমাকৃত সঞ্চয়ের বিপরীতে দ্বিগুন সঞ্চয় প্রণোদনা প্রদানের স্বার্থে জন প্রতি ২৪০০.০০ টাকা হারে জুন, ২০২৩ মাসের মধ্যে সঞ্চয় আদায়ের লক্ষ্যমাত্রা অর্জনের কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা

বিআরডিবি

উপজেলা:, জেলা:

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. উপপরিচালক, বিআরডিবি, জেলা:
২. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৩. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৪. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলা:, জেলা:
৫. পরিচালক (পরিকল্পনা) এর একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৬. অফিস নথি।

১১/৬/২৩
মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক
ফোন : ৪১০১০৩৪১